

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৩১, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ৩০ জানুয়ারি ২০০২ ইং/ ১৭ মাঘ ১৪০৮ বাং

এস, আর, ও নং ২৩-আইন/২০০২—কোষ্টগার্ড আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ২৬ নং আইন) এর ধারা ২ এর দফা (গ) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত এলাকাসমূহকে উক্ত দফার উদ্দেশ্য পূরণকল্পে অন্যান্য জল এলাকা হিসাবে নির্ধারণ করিল, যথাঃ—

- (ক) Territorial Waters and Maritime Zones Act, 1974 (XXVI of 1974) অনুসারে নির্ধারিত territorial water সংলগ্ন নদ-নদীর মোহনা;
- (খ) সুন্দরবন এলাকার অন্তর্গত সকল নদ, নদী ও খাল;
- (গ) পতুর নদী (মোহনা হইতে চালনা পর্যন্ত) এবং শিবসা নদী;
- (ঘ) মংলা নালা, পলিহারা নদী এবং পাকুচি নদী;
- (ঙ) হরিণঘাটা ও ধরেশ্বর নদী (মোহনা হইতে কুমারখালী পর্যন্ত);
- (চ) বিশখালি নদী (মোহনা হইতে পাথরঘাটা পর্যন্ত);
- (ছ) পায়রা/বুড়িশ্বর নদী (মোহনা হইতে আমতলী পর্যন্ত);
- (জ) আন্ধারমানিক নদী, নীলগঞ্জ নদী এবং খাপড়া ভাঙ্গা নদী (মহীপুর নদী);
- (ঝ) রাবনাবাদ চ্যানেল এবং গলাচিপা নদী (মোহনা হইতে গলাচিপা পর্যন্ত);
- (ঞ) দাড়ুচিররা নদী এবং বুড়া গৌরাজ নদী;
- (ট) শাহবাজপুর নদী এবং মেঘনা নদী (মোহনা হইতে চৌকিঘাটা পর্যন্ত);

(৪৮৫)

মূল্য : টাকা ১.০০

- (ঠ) কর্ণফুলী নদী (মোহনা হইতে কালুর ঘাট ব্রীজ পর্যন্ত);
- (ড) সান্দ্র নদী (মোহনা হইতে জলধর খাল পর্যন্ত);
- (ঢ) কুতুবদিয়া চ্যানেল, মহেশখালী চ্যানেল এবং সন্দ্বীপ চ্যানেল;
- (ণ) নাফ নদীর বাংলাদেশের অংশ (মোহনা হইতে টেকনাফ বাজার পর্যন্ত);
- (ত) বঙ্গোপসাগরে পতিত বাংলাদেশের অন্য সকল নদ, নদী ও খাল (মোহনা হইতে উজানের দিকে ৫ মাইল পর্যন্ত);
- (থ) চট্টগ্রাম এবং মংলা সমুদ্র বন্দর হইতে ঢাকা পর্যন্ত জলপথ;
- (দ) সরকার নির্দেশিত অন্যান্য নদ-নদী, চ্যানেল, দ্বীপ এলাকা ও বন্দর এলাকাসমূহ।

রষ্ট্রপতির আদেশক্রমে

এম এ হাই হাওলাদার
উপ-সচিব (প্রশাসন)।